বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট # ই/৫-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.০৭.০১০.২৪. ১৪৭

তারিখ ঃ ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ যানবাহন রক্ষনাবেক্ষণ ও মেরামতকারী প্রতিষ্ঠান (ওয়ার্কশপ) তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২২ অক্টোবর ২০২৪ তারিখে দৈনিক New Age এবং ২৩ অক্টোবর ২০২৪ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিগত ০৪ নভেম্বর ২০২৪ তারিখে "ঘ-ক্যাটাগরী" (যানবাহন রক্ষনাবেক্ষণ ও মেরামতকারী প্রতিষ্ঠান (গ্যারেজ/ওয়ার্কশপ) কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদনসমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে বিটিআরসি'র যানবাহন রক্ষনাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কাজের জন্য শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো ঃ

| নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | এ্যাডভান্সড অটোমোবাইল<br>বাড়ি # ০২, রোড # ১, সাত মসজিদ হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। |
| ২. | বাগদাদ অটোমোবাইলস<br>৭১/১/এফ, প্রগতি স্মরনী, মধ্য বাড্ডা, ঢাকা-১২১২। |
| ৩. | এফ এন্ড এম অটোমোবাইলস<br>ক-১৫, রসুলবাগ, মহাখালী, ঢাকা-১২১২। |
| ৪. | আর এল অটোমোবাইল<br>২১৭/১ বেগম রোকেয়া স্মরনী, আগারগাঁও, তালতলা, ঢাকা-১২০৭। |
| ৫. | নাটস এন্ড বোল্টস লিঃ<br>জিপি-চ/১৪, ৩৩৭, হক মার্কেট, ওয়ারল্যাস গেইট, মহাখালী, বনানী, ঢাকা-১২১২। |
| ৬. | অটো পয়েন্ট সটরস কর্পোরেশন<br>৪০/১, বসিলা মেইন রোড, জনতার মার্কেট, দোকান # ৩, লাউতলা, মোহাম্মদপুর, ঢাকা১২০৭। |
| ৭. | নাভান লিঃ<br>নাভানা টয়োটা ৩এস সেন্টার, ২০৫-২০৭ বীর উত্তম মীর সাখাওয়াত সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। |
| ৮. | মটর ডায়গনোসিস এন্ড ট্রিটমেন্ট লিমিটেড<br>ক/৬৭-৬৮, কাজী মালফত আলী রোড বড় বাড়ি, নর্দ্দা, পূর্ব বারিধারা, ঢাকা-১২১২। |
| ৯. | পি. এস. অটোমোবাইল এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস<br>২১৮/এ, ২১৭/১, পশ্চিম কাফরুল, বেগম রোকেয়া স্মরনী, তালতলা, ঢাকা-১২০৭। |
| ১০. | ইমরান মটরস<br>বাসা # ২/এফ/৪, প্লট # ৩/ডি/এ, রোড # ১ শ্যামলীবাগ, শ্যামলী, ঢাকা-১২০৭। |
| ১১. | এক্সিলেন্ট অটোস লিঃ<br>প্লট # ৪১৭, এ্যাপোলো হসপিটাল লিংক রোড, ঢালিবাড়ি কাঁচা বাজার মোড়, ঢাকা-১২১২। |
| ১২. | টোকিও অটোমোবাইল এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ<br>৩৭/৩৮ দক্ষিণ বেগুনবাড়ি, তেজগাঁও, ঢাকা। |

**শর্তাবলী ঃ**

১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জানুয়ারি ২০২৫ - ৩০ জুন ২০২৬ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো এবং কমিশনের স্মারক নং-১০৭৬, তারিখ: ২০ আগষ্ট ২০২৩ খ্রিষ্টাব্দে জারিকৃত তালিকাভুক্তির আদেশে প্রতিষ্ঠানসমূহের অবশিষ্ট মেয়াদ এতদ্বারা বাতিল করা হলো।

২। কমিশনের চাহিদা অনুযায়ী সীমিত দরপত্র আহবান করা হলে তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহকে দ্রুত সময়ের মধ্যে তা নিশ্চিতকরণের জন্য তাদের ই-মেইল, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির ফোন নম্বর প্রদান করতে হবে।

৩। দরপত্র দলিলের শর্তানুযায়ী তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহকে নিরাপত্তা জামানত হিসাবে বিটিআরসি'র অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সন্তোষজনক হলে মেয়াদ শেষে উক্ত জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে।

৪। তালিকাভুক্ত প্রতিটি প্রতিষ্ঠানকে কমিশনের গাড়ী সমূহের ব্র্যান্ড ও মডেল অনুযায়ী বিভিন্ন যন্ত্রাংশের তালিকা এবং মেরামত ও রক্ষাবেক্ষণের সম্ভাব্য মূল্য তালিকা প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

৫। সরকার কর্তৃক বা আর্ন্তজাতিক বাজারে যন্ত্রাংশের মূল্য হ্রাস/বৃদ্ধি পেলে তা যথাসময়ে কমিশনকে অবহিত করতে হবে।

৬। যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/ সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে

৭। যানবাহন মেরামতের লক্ষ্যে কমিশন কর্তৃক যখন দরপত্র/সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে দরপ্রস্তাব দাখিলকরতে হবে এবং দরপ্রস্তাবসমূহ মূল্যায়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদানকরা হবে।

৮। দরপ্রস্তাব দাখিলের পূর্বে কোন গাড়ী পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হলে কোন প্রকার মজুরী ছাড়াই গাড়ী সমূহ কমিশন কার্যালয়ে এসে বিটিআরসি'র কর্মকর্তার উপস্থিতিতে পরিদর্শন করতে হবে।

৯। মেরামতের জন্য দাখিলকৃত কোটশোন/দরপ্রস্তাব গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ/মেরামত কাজ সম্পাদন করতে হবে।

১০। মেরামত কাজের জন্য প্রেরিত যানবাহন ওয়ার্কশপে থাকাকালীন বিভিন্ন যন্ত্রাংশসহ গাড়ীর পূর্ণ নিরাপত্তা প্রদান করতে হবে।

১১। দাখিলকৃত দরপ্রস্তাবের দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং যানবাহন মেরামতের কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ ও জামানত বাজেয়াপ্তকরণসহ তালিকাভুক্তি বাতিল করা হবে।

১২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গাড়ীর কোন প্রকার মেরামত কাজ বা যন্ত্রাংশ পরিবর্তন করা যাবে না।

১৩। মেরামত কাজ ও খুচরা যন্ত্রাংশের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ০১ (এক) বৎসরের গ্যারান্টি প্রদান করতে হবে। গ্যারান্টি পিরিয়ডের মধ্যে মেরামত কাজ ও খুচরা যন্ত্রাংশের কোন ত্রুটি দেখা দিলে তা নিজ খরচে পুনরায় মেরামত/যন্ত্রাংশ পরিবর্তনকরেদিতেহবে।

১৪। তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।

১৫। সুষ্ঠভাবে কাজ সম্পন্ন করার পর বিল দাখিল করলে সরকারি বিধি মোতাবেক ক্রস্ড চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।

১৬। সরকারী নিয়ম মাফিক গাড়ী মেরামতের বিল হতে আয়কর/ভ্যাটকর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৭। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-বিধান, সরকারি অন্যান্য নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।

১৮। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।


(এম. এ. তালেব হোসেন)

পরিচালক (প্রশাসন), বিটিআরসি।

ফোনঃ ০২-২২২২১৭১১২

ইমেইল: diradmin@btrc.gov.bd


প্রতি

..............................................

..............................................

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। অফিস কপি।